

এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের ত্রৈমাসিক প্রতিবেদন
(এপ্রিল-জুন ২০১৮)



ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ভূমিকাঃ

বাংলাদেশ মধ্যম আয়ের দেশ হওয়ার পথে দ্রুত অগ্রসরমান। বাংলাদেশ ব্যাংক কর্তৃক টেকসই অর্থনৈতিক উন্নয়নের জন্য দেশের সকল পর্যায়ের জনগণকে অর্থনৈতিক অগ্রযাত্রায় সামিল করার অভিপ্রায়ে আর্থিক অন্তর্ভুক্তিমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে, যা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অত্যন্ত সমরোপযোগী উদ্যোগ। বাংলাদেশ ব্যাংকের চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় ব্যাংকিং সেবাকে ব্যয় সাশ্রয়ীভাবে সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ২০১৩ সাল থেকে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম গ্রহণ করে। তফসিলি ব্যাংক কর্তৃক এজেন্ট নিয়োগের মাধ্যমে জনগণকে ব্যয়সাশ্রয়ী, নিরাপদ ও আধুনিক প্রযুক্তি নির্ভর ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ডে গতিশীলতা আনয়ন, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের সহায়ক পরিবেশ সৃষ্টি করার লক্ষ্যে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম চালু করা হয়েছে। এজেন্ট ব্যাংকিং কার্যক্রম বিশেষ করে গ্রামাঞ্চলে বেশ জনপ্রিয় ও গ্রহণযোগ্য হয়ে উঠেছে।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৩০ জুন ২০১৮ পর্যন্ত ২০ টি তফসিলি ব্যাংককে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদন প্রদান করা হয়েছে। তন্মধ্যে ১৭ টি ব্যাংক মাঠ পর্যায়ে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। বর্তমান ত্রৈমাসিকে এনআরবি ব্যাংক লি. তাদের এজেন্ট ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে।

১.১। ৩০ জুন ২০১৮ পর্যন্ত এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনাকারী ১৭ টি ব্যাংকের এজেন্ট ও আউটলেট এর সংখ্যাভিত্তিক তথ্য তুলে ধরা হলো:

ছকঃ ১


ক্রঃ নং	ব্যাংক	এজেন্টের সংখ্যা			আউটলেটের সংখ্যা		
		শহর	গ্রাম	মোট	শহর	গ্রাম	মোট
১।	ডাচ-বাংলা ব্যাংক লি.	১৭৭	৪১৮	৫৯৫	২৪১	১,৩২১	১,৫৬২
২।	ব্যাংক এশিয়া লি.	৮৮	২,০৮৩	২,১৭১	১০১	২,১৪১	২,২৪২
৩।	আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি.	১০	৯৪	১০৪	১২	১৩৮	১৫০
৪।	সোস্যাল ইসলামী ব্যাংক লি.	১	১২	১৩	২	৭১	৭৩
৫।	মধুমতি ব্যাংক লি.	০	২৪৭	২৪৭	০	২৪৭	২৪৭
৬।	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি.	১০	৩৮	৪৮	১০	৪৮	৫৮
৭।	এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি.	১	২	৩	৩০	৫২৮	৫৫৮
৮।	স্ট্যান্ডার্ড ব্যাংক লি.	১	২০	২১	১	২০	২১
৯।	অগ্রণী ব্যাংক লি.	৭	১৯৩	২০০	৭	১৯৩	২০০
১০।	ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি.	০	১৮	১৮	০	১৮	১৮
১১।	মিডল্যান্ড ব্যাংক লি.	০	১১	১১	০	১১	১১
১২।	দি সিটি ব্যাংক লি.	১০	২৭	৩৭	১০	৬০	৭০
১৩।	ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.	৩	১০১	১০৪	৩	১০১	১০৪
১৪।	দি প্রিমিয়ার ব্যাংক লি.	১	০	১	৫	১৭	২২
১৫।	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি.	২	৬	৮	২	৬	৮
১৬।	এবি ব্যাংক লি.	০	৫	৫	০	৫	৫
১৭।	এনআরবি ব্যাংক লি.	০	২	২	০	২	২
	মোট	৩১১	৩,২৭৭	৩,৫৮৮	৪২৪	৪,৯২৭	৫,৩৫১

ছক-১ এ এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনাকারী ব্যাংকসমূহের শহর ও গ্রামকেন্দ্রিক এজেন্ট এবং আউটলেট এর সংখ্যাভিত্তিক তথ্য তুলে ধরা হয়েছে। আলোচ্য ত্রৈমাসিকে এনআরবি ব্যাংক লি. কর্তৃক এজেন্ট ব্যাংকিং কার্যক্রম শুরু করায় বর্তমানে ১৭ টি ব্যাংক এর সর্বমোট ৩,৫৮৮ টি এজেন্ট এর আওতায় ৫,৩৫১ টি আউটলেটের মাধ্যমে সারাদেশে এজেন্ট ব্যাংকিং সেবা প্রদান করা হচ্ছে। উল্লেখ্য, তিনটি ব্যাংক যথাক্রমে ব্যাংক এশিয়া লি., মধুমতি ব্যাংক লি. ও এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি. কর্তৃক ইউনিয়ন ডিজিটাল সেন্টার (UDC) এর মাধ্যমে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। তন্মধ্যে, ব্যাংক এশিয়া লি. এর ২,২৪২ টি আউটলেটের মধ্যে UDC এর সংখ্যা ১,৮২৮ টি। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রায় সকল ব্যাংক, গ্রাম ও শহরে আউটলেট স্থাপনের অনুপাত ৩ঃ১ অনুসরণ করছে। এজেন্ট আউটলেটের সংখ্যার দিক থেকে ব্যাংক এশিয়া লি. শীর্ষে অবস্থান করছে।

উল্লেখ্য, ২০১৮ সালের মার্চ ত্রৈমাসিকে এজেন্ট ও আউটলেটের সংখ্যা ছিল যথাক্রমে ৩,২১৬ এবং ৪,৯০৫ টি। ২০১৮ সালের জুন ত্রৈমাসিকে এজেন্টের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৩,৫৮৮ টি এবং আউটলেটের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৫,৩৫১ টি।

মার্চ ২০১৮ ও জুন ২০১৮ এর এজেন্ট ও আউটলেটের সংখ্যাভিত্তিক তুলনা নিম্নরূপঃ

চিত্র-১



২.১। এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে খোলা হিসাবসমূহের (খাতওয়ারী) তথ্য নিম্নরূপঃ

ছকঃ ২


ক্রঃ নং	ব্যাংক	হিসাব সংখ্যা								মোট (১)+(২) =(৩)+(৪)+(৫) =(৬)+(৭)+(৮)
		শহর (১)	গ্রাম (২)	পুরুষ (৩)	নারী (৪)	অন্যান্য (৫)	চলতি (৬)	সঞ্চয়ী (৭)	অন্যান্য (৮)	
১।	ডাচ-বাংলা ব্যাংক লি.	১,৮৫,০৫৩	৭,৬৯,৪৩০	৭,১১,৭৭৪	২,৪২,৭০৯	০	১৯,২৪৮	৮,৫৫,১৮৯	৮০,০৪৬	৯,৫৪,৪৮৩
২।	ব্যাংক এশিয়া লি.	৩৪,২৫৩	৪,৮০,১৪৯	২,৫৯,২৬৯	২,৪২,৩৪৫	১২,৭৮৮	২১,১৪৫	৪,৫২,৪৯১	৪০,৭৬৬	৫,১৪,৪০২
৩।	আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি.	৬,০০১	৯৪,৬৩৫	৫৯,৯৪৯	৪০,৬৮৭	০	৬,৭৯৬	৭২,০৯৩	২১,৭৪৭	১,০০,৬৩৬
৪।	সোস্যাল ইসলামী ব্যাংক লি.	৩২০	২০,৬৬৪	১০,৬২৩	১০,৩৬১	০	১৫৫	১৯,৫৯৯	১,২৩০	২০,৯৮৪
৫।	মধুমতি ব্যাংক লি.	০	৩৪,১৪৫	১৭,৫২৮	১৬,৬১৭	০	৫৯৭	৩৩,১৩৩	৪১৫	৩৪,১৪৫
৬।	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি.	২,৫৬২	১৯,৯৪১	১৪,১৪৭	৮,৩৫৬	০	১,৩৯৬	১৬,৪২৯	৪,৬৭৮	২২,৫০৩
৭।	এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি.	৪,২৮২	২৫,৫৯৫	১৫,৩৩৮	১৪,৪৩৯	০	৭০	২৮,৫৭৫	১,১৩২	২৯,৭৭৭
৮।	স্ট্যান্ডার্ড ব্যাংক লি.	৪৬১	৬,১০১	৪,০৯৫	২,৪৬৭	০	৮০৯	৪,৬৪৩	১,১১০	৬,৫৬২
৯।	অগ্রণী ব্যাংক লি.	৭৮৮	৩৩,৫৭০	২১,১০০	১৩,২৫৮	০	২,৬৬৯	৩০,৯৩৬	৭৫৩	৩৪,৩৫৮

ক্রঃ নং	ব্যাংক	হিসাব সংখ্যা								
		শহর (১)	গ্রাম (২)	পুরুষ (৩)	নারী (৪)	অন্যান্য (৫)	চলতি (৬)	সঞ্চয়ী (৭)	অন্যান্য (৮)	মোট (১)+(২) =(৩)+(৪)+(৫) =(৬)+(৭)+(৮)
১০।	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি.	০	১১,২০৯	৭,০৭৬	৪,১৩৩	০	১,৩৩৭	৭,৮৮২	১,৯৯০	১১,২০৯
১১।	মিডল্যান্ড ব্যাংক লি.	০	২,৮১৫	১,৭৪২	১,০৭৩	০	১,২৭	১,৯২৮	৭৬০	২,৮১৫
১২।	দি সিটি ব্যাংক লি.	১,৯৯৯	৬,৩৫৫	৫,৯১৮	২,৪৩৬	০	১,৩১৫	৬,০৬২	৯৭৭	৮,৩৫৪
১৩।	ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.	৯৯৪	৩৪,২৭৭	২৪,৯৮১	১০,২৯০	০	১,৯৬৫	২০,৬৭৯	১২,৬২৭	৩৫,২৭১
১৪।	দি প্রিমিয়ার ব্যাংক লি.	৩২৭	৬৭৩	৫৮৯	৪১১	০	১২	৯৮৮	০	১,০০০
১৫।	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি.	৮৩	২৫৮	২৬১	৮০	০	১১৭	১৭১	৫৩	৩৪১
১৬।	এবি ব্যাংক লি.	০	৪৩০	২৯৩	১৩৭	০	৩২	৩৩৩	৬৫	৪৩০
১৭।	এনআরবি ব্যাংক লি.	০	১৩০	১০১	২৫	৪	২	৮৬	৪২	১৩০
	মোট	২,৩৭,০২৩	১৫,৪০,৩৭৭	১১,৫৪,৭৮৪	৬,০৯,৮২৪	১২,৭৯২	৫৭,৭৯২	১৫,৫১,২১৭	১,৬৮,৩৯১	১৭,৭৭,৪০০


ছক-২ হতে দেখা যায় যে, জুন ২০১৮ পর্যন্ত এজেন্ট ব্যাংকিং ব্যবস্থায় ১৭ টি ব্যাংকের মাধ্যমে খোলা মোট হিসাব সংখ্যা ১৭,৭৭,৪০০ টি। তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, শহরের তুলনায় গ্রামাঞ্চলে খোলা ব্যাংক হিসাবের সংখ্যা প্রায় ৬.৫ গুণ বেশি, যা এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের মূল উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ। তবে, নারী হিসাবধারীদের চেয়ে পুরুষ হিসাবধারীদের সংখ্যা প্রায় ২ গুণ। আরও দেখা যায়, এজেন্ট ব্যাংকিং আউটলেটের মাধ্যমে খোলা মোট হিসাব সংখ্যার ৫৩.৭ শতাংশ হিসাব ডাচ-বাংলা ব্যাংক লি. এর এজেন্ট ব্যাংকিং আউটলেটের মাধ্যমে খোলা হয়েছে। দ্বিতীয় এবং তৃতীয় অবস্থানে রয়েছে যথাক্রমে ব্যাংক এশিয়া লি. এবং আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি.।

এজেন্টের মাধ্যমে খোলা মোট হিসাবসমূহের চিত্র নিম্নরূপঃ


চিত্রঃ ২




চিত্র : ৩



চিত্র : ৪



চিত্র : ৫



২.২। এজেন্ট ব্যাংকিং হিসাবসমূহের সংখ্যাভিত্তিক ত্রৈমাসিক তুলনা নিম্নরূপঃ

ছকঃ ৩

ক্র: নং	ব্যাংক	হিসাব সংখ্যা				
		ডিসেম্বর/২০১৭ (১)	মার্চ/২০১৮ (২)	জুন/২০১৮ (৩)	পরিবর্তন = (৩) - (২)	পরিবর্তন (শতাংশে)
১।	ডাচ-বাংলা ব্যাংক লি.	৭,৫৩,৯৬১	৮,৮৪,৬৮০	৯,৫৪,৪৮৩	৬৯,৮০৩	৭.৮৯%
২।	ব্যাংক এশিয়া লি.	৩,১২,২৪৭	৩,৮০,৯৩৬	৫,১৪,৪০২	১,৩৩,৪৬৬	৩৫.০৩%
৩।	আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি.	৭০,৭৭৪	৮৩,৭৮৪	১,০০,৬৩৬	১৬,৮৫২	২০.১১%
৪।	সোস্যাল ইসলামী ব্যাংক লি.	১৯,১৭০	১৯,৮৯৮	২০,৯৮৪	১,০৮৬	৫.৪৬%
৫।	মধুমতি ব্যাংক লি.	৯,০১৭	১১,৪৯৪	৩৪,১৪৫	২২,৬৫১	১৯৭.০৭%
৬।	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি.	১৪,২৭৭	১৮,৭৪৮	২২,৫০৩	৩,৭৫৫	২০.০৩%
৭।	এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি.	৬,৬৯৬	৯,৯১৪	২৯,৭৭৭	১৯,৮৬৩	২০০.৩৫%
৮।	স্ট্যান্ডার্ড ব্যাংক লি.	৪,৯২৫	৫,৫০২	৬,৫৬২	১,০৬০	১৯.২৭%
৯।	অগ্রণী ব্যাংক লি.	১২,৫৩১	২১,৭৮৩	৩৪,৩৫৮	১২,৫৭৫	৫৭.৭৩%
১০।	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি.	৬,৩৬১	৯,০৪০	১১,২০৯	২,১৬৯	২৩.৯৯%
১১।	মিডল্যান্ড ব্যাংক লি.	৫১১	১,৮৪১	২,৮১৫	৯৭৪	৫২.৯১%
১২।	দি সিটি ব্যাংক লি.	২,৫১১	৪,২৬৬	৮,৩৫৪	৪,০৮৮	৯৫.৮৩%
১৩।	ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.	১,৩১৯	১৬,৫১৬	৩৫,২৭১	১৮,৭৫৫	১১৩.৫৬%
১৪।	দি প্রিমিয়ার ব্যাংক লি.	৬৭	২২৩	১,০০০	৭৭৭	৩৪৮.৪৩%
১৫।	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি.	০	৬৩	৩৪১	২৭৮	৪৪১.২৬
১৬।	এবি ব্যাংক লি.	০	১০৯	৪৩০	৩২১	২৯৪.৫০
১৭।	এনআরবি ব্যাংক লি.	---	---	১৩০	১৩০	---
	মোট	১২,১৪,৩৬৭	১৪,৬৮,৭৯৭	১৭,৭৭,৪০০	৩,০৮,৬০৩	২১.০১%

ছক-৩ হতে দেখা যাচ্ছে যে, ৩০ জুন ২০১৮ পর্যন্ত ১৭ টি ব্যাংকের এজেন্ট ব্যাংকিং আউটলেটের মাধ্যমে মোট ১৭,৭৭,৪০০ টি হিসাব খোলা হয়েছে। তন্মধ্যে ডাচ-বাংলা ব্যাংক লি., ব্যাংক এশিয়া লি. ও আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. কর্তৃক যথাক্রমে ৯,৫৪,৪৮৩ টি, ৫,১৪,৪০২ টি ও ১,০০,৬৩৬ টি হিসাব খোলা হয়েছে। আলোচ্য ত্রৈমাসিকে হিসাব সংখ্যা বৃদ্ধি পেয়েছে ৩,০৮,৬০৩ টি। গত ত্রৈমাসিকের তুলনায় হিসাব সংখ্যা ২১.০১% বৃদ্ধি পেয়েছে।

আমানত:

৩.১। এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে খোলা হিসাবসমূহে আমানতের (খাতওয়ারী) পরিমাণ নিচে তুলে ধরা হলোঃ

ছকঃ ৪


(লক্ষ টাকায়)

ক্র: নং	ব্যাংক	হিসাবে স্থিতি								মোট (১)+(২) =(৩)+(৪)+(৫) =(৬)+(৭)+(৮)
		শহর (১)	গ্রাম (২)	পুরুষ (৩)	নারী (৪)	অন্যান্য (৫)	চলতি (৬)	সঞ্চয়ী (৭)	অন্যান্য (৮)	
১।	ডাচ-বাংলা ব্যাংক লি.	১৫,০৯৪.৩৫	৪৪,৮৫৪.৬৫	৪২,১৮৫.৯৩	১২,১০৯.৮৫	৫,৬৫৩.২২	৩,৫৮৭.৮৫	৪২,১৩৮.০৪	১৪,২২৩.১১	৫৯,৯৪৯.০০
২।	ব্যাংক এশিয়া লি.	৫,০১৫.১৬	৩২,৯৩৫.০৯	২১,৪৯২.৮৬	১২,৯০৬.৬	৩,৫৫০.৭৮	৩,৩৩৩.১১	২০,৭৬২.৪২	১৩,৮৫৪.৭৪	৩৭,৯৫০.২৬


ক্র: নং	ব্যাংক	হিসাবে স্থিতি								
		শহর (১)	গ্রাম (২)	পুরুষ (৩)	নারী (৪)	অন্যান্য (৫)	চলতি (৬)	সঞ্চয়ী (৭)	অন্যান্য (৮)	মোট (১)+(২) = (৩)+(৪)+(৫) = (৬)+(৭)+(৮)
৩।	আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি.	১১,৮৬৪.৭৮	৬৫,২১৭.১১	৬৪,৩৮৬.৮০	১২,৬৯৫.০৯	০	৩,৪৮৬.১৬	১৩,১৯৭.৪৭	৬০,৩৯৮.২৬	৭৭,০৮১.৮৯
৪।	সোস্যাল ইসলামী ব্যাংক লি.	২৪৬.২১	৪৭৯.৪৪	৫৪২.৪৪	১৮৩.২১	০	১৬.৬৪	১৬১.১১	৫৪৭.৯	৭২৫.৬৫
৫।	মধুমতি ব্যাংক লি.	০	৬৯৫.৮৩	৩৮৯.০০	৩০৬.৮৩	০	৩৫.৭২	৫৬৩.০৮	৯৭.০৩	৬৯৫.৮৩
৬।	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি.	১,৬৭৩.০০	৫,২১২.০০	৪,৮২০.০০	২,০৬৬.০০	০	১,১৩৭.০০	২,৬৭৯.০০	৩,০৭০.০০	৬,৮৮৬.০০
৭।	এনআরবিসি ব্যাংক লি.	১৭৬.৭৫	৫৩০.২৬	৪৯৪.৯০	২১২.১০	০	৩৫.৩৫	৪৯৪.৯০	১৭৬.৭৬	৭০৭.০৭
৮।	স্ট্যান্ডার্ড ব্যাংক লি.	২৫.২০	১,০৫২.৮৫	৭৮৮.১৭	২৮৯.৮৮	০	১৫৫.৭৩	৬২২.১৮	৩০০.১৪	১,০৭৮.০৫
৯।	অগ্রণী ব্যাংক লি.	১৮০.৪৩	৩,২৮৪.১২	৩,১২২.৫১	৩৪২.০৪	০	৬১০.২১	২,৮২৫.৩৭	২৮.৯৭	৩,৪৬৪.৫৫
১০।	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি.	০	২,০৪১.৭২	১,৬৯৪.৩৫	৩৪৭.৩৭	০	৪০৯.৫৮	৬৩৩.৯৫	৯৯৮.১৭	২,০৪১.৭১
১১।	মিডল্যান্ড ব্যাংক লি.	০	৪২৯.৯৯	৩৭৪.৫৭	৫৫.৪২	০	২৩৮.৬০	৭৪.৪৮	১১৬.৯৮	৪২৯.৯৯
১২।	দি সিটি ব্যাংক লি.	৯২২.৬২	৭১১.৯৫	১,১৬১.৪৮	৪৭৩.০৯	০	৩৮২.৩৫	৪৭৫.৬	৭৭৬.৬২	১,৬৩৪.৫৭
১৩।	ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.	২৪৫.২০	৮,০৮৪.৮৯	৫,৯৪৭.৯১	২,৩৮২.১৮	০	৯২৭.০০	৩,১৯৮.৮৭	৪,২০৪.২২	৮,৩৩০.০৯
১৪।	দি প্রিমিয়ার ব্যাংক লি.	২৫.৮৩	২৬.১৫	৩১.৪৩	২০.৫৫	০	০.৫২	৫১.৪৬	০	৫১.৯৮
১৫।	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি.	৯.৪৮	৩৮.০৯	৩৯.৮৫	৭.৭২	০	১৬.৮২	২৬.৮২	৩.৯৩	৪৭.৫৭
১৬।	এবি ব্যাংক লি.	০	১২৫.৯৮	৮৯.০৬	৩৬.৯২	০	২.৬৬	৬২.০৮	৬১.২৪	১২৫.৯৮
১৭।	এনআরবি ব্যাংক লি.	০	৭৬.৯৪	৬৪.৪১	৩.৬৪	৮.৮৯	০.০১	২৮.৩৭	৪৮.৫৬	৭৬.৯৪
	মোট	৩৫,৪৭৯.০১	১,৬৫,৭৯৭.০৬	১,৪৭,৬২৫.৬৭	৪৪,৪৩৮.৪৯	৯,২১২.৮৯	১৪,৩৭৫.৩১	৮৭,৯৯৫.২০	৯৮,৯০৬.৬৩	২,০১,২৭৭.১৩

ছক-৪ হতে দেখা যায় যে, জুন ২০১৮ পর্যন্ত এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনাকারী ১৭ টি ব্যাংকের মাধ্যমে খোলা বিভিন্ন ধরনের হিসাবে সর্বমোট আমানতের পরিমাণ ২,০১,২৭৭.১৩ লক্ষ টাকা। তথ্য পর্যালোচনায় আরও পরিলক্ষিত হয় যে, এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে খোলা ১৭,৭৭,৪০০ টি হিসাবের বিপরীতে হিসাব প্রতি গড়ে ১১,৩২৪.২৪ টাকা আমানত জমা হয়েছে। এ তথ্য হতে প্রতীয়মান হয় যে, এজেন্ট ব্যাংকিং এর উপস্থিতিতে আমানতের এ বিপুল অর্থ আনুষ্ঠানিক খাতে জমা হয়ে গ্রামীন অর্থনীতির চাকা সচল রাখতে ভূমিকা রাখছে। উল্লেখ্য যে, গত ত্রৈমাসিকে হিসাব প্রতি গড় আমানত ছিল ১১,১২৩.০০ টাকা, যা আলোচ্য ত্রৈমাসিকে বেড়ে দাঁড়িয়েছে ১১,৩২৪.২৪ টাকা। এ থেকে প্রতীয়মান হয় যে, এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে অর্থ সঞ্চয় এবং লেন-দেন উভয়ই বৃদ্ধি পাচ্ছে।


চিত্রঃ ৬



চিত্রঃ ৭



আরও উল্লেখ্য যে, ২০১৮ সালের ৩১ মার্চ পর্যন্ত মোট আমানতের পরিমাণ ছিল ১,৬৩,৪৩৬.৪৭ লক্ষ টাকা। ২০১৮ সালের ৩০ জুন পর্যন্ত এজেন্ট ব্যাংকিং কার্যক্রমে ব্যাংকের সংখ্যা বৃদ্ধির সাথে সাথে আমানতের পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে ২,০১,২৭৭.১৩ লক্ষ টাকা। মার্চ ২০১৮ ও জুন ২০১৮ এর মোট আমানতের তুলনা নিম্নরূপঃ



৩.২। এজেন্ট ব্যাংকিং আউটলেটে খোলা ব্যাংক হিসাবে আমানতের ত্রৈমাসিক তুলনা নিম্নরূপঃ

ছকঃ ৫


(লক্ষ টাকায়)

ক্রঃ নং	ব্যাংক	আমানত				
		ডিসেম্বর/১৭ পর্যন্ত (১)	মার্চ/১৮ পর্যন্ত (২)	জুন/১৮ পর্যন্ত (৩)	পরিবর্তন =(৩)-(২)	পরিবর্তন (শতাংশে)
১।	ডাচ-বাংলা ব্যাংক লি.	৪৫,১৯০.৪৩	৪৮,৫২৫.৭২	৫৯,৯৪৯.০০	১১,৪২৩.২৮	২৩.৫৪%
২।	ব্যাংক এশিয়া লি.	২৬,৬৩৪.৩৫	৩০,২৯০.৯৭	৩৭,৯৫০.২৬	৭,৬৫৯.২৯	২৫.২৯%
৩।	আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি.	৫৯,৩৫৫.৫২	৬৯,৭২৪.১০	৭৭,০৮১.৮৯	৭,৩৫৭.৭৯	১০.৫৫%
৪।	সোস্যাল ইসলামী ব্যাংক লি.	১৭৯.৭৫	৪৫০.৬২	৭২৫.৬৫	২৭৫.০৩	৬১.০৩%
৫।	মধুমতি ব্যাংক লি.	২৩২.১৬	৩৩২.৭৬	৬৯৫.৮৩	৩৬৩.০৭	১০৯.১১%
৬।	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি.	৪,২৮০.২৭	৫,২৪৮.০০	৬,৮৮৬.০০	১৬৩৮	৩১.২১%
৭।	এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি.	১৬০.০৩	২২২.২১	৭০৭.০৭	৫৪৬.৮৬	২১৮.১৯%
৮।	স্ট্যান্ডার্ড ব্যাংক লি.	৭৪৯.৩০	৭৬২.৫৪	১,০৭৮.০৫	৩১৫.৫১	৪১.৩৮%
৯।	অগ্রণী ব্যাংক লি.	৬৮০.৮৫	১,৮০৪.২৮	৩,৪৬৪.৫৫	১,৬৬০.২৭	৯২.০২%
১০।	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি.	১,২৩৯.৩৯	১৩৭০.৯৪	২,০৪১.৭১	৬৭০.৭৭	৪৮.৯৩%
১১।	মিডল্যান্ড ব্যাংক লি.	১৪৯.৩৬	১৩৫.২০	৪২৯.৯৯	২৯৪.৭৯	২১৮.০৪%
১২।	দি সিটি ব্যাংক লি.	৭২৬.০০	১,০৪১.৬০	১,৬৩৪.৫৭	৫৯২.৯৭	৫৬.৯৩%
১৩।	ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.	৩৬১.২৩	৩,৪৪২.৩৫	৮,৩৩০.০৯	৪,৮৮৭.৭৪	১৪১.৯৯%
১৪।	দি প্রিমিয়ার ব্যাংক লি.	০.৩২	৬.৩৫	৫১.৯৮	৪৫.৬৩	৭১৮.৫৮%
১৫।	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি.	০	১১.০৯	৪৭.৫৭	৩৬.৪৮	৩২৮.৯৪%
১৬।	এবি ব্যাংক লি.	০	৬৭.৭৭	১২৫.৯৮	৫৮.২১	৮৫.৮৯%
১৭।	এনআরবি ব্যাংক লি.	---	---	৭৬.৯৪	---	---
	মোট	১,৩৯,৯৩৮.৯৬	১,৬৩,৮৩৬.৮৭	২,০১,২৯৯.১৮	৩৭,৯০২.৬০	২৩.১৫%

ছক-৫ হতে দেখা যায় যে, চলতি ত্রৈমাসিকে সর্বমোট আমানতের পরিমাণ গত ত্রৈমাসিকের তুলনায় ২৩.১৫% বৃদ্ধি পেয়েছে। গত ত্রৈমাসিকের তুলনায় আলোচ্য ত্রৈমাসিকে সব কয়টি ব্যাংকের আমানতের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। আমানতের পরিমাণে শীর্ষে

অবস্থান করছে আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. এবং আমানত বৃদ্ধির পরিমাণে শীর্ষে রয়েছে দি প্রিমিয়ার ব্যাংক লি.। এনআরবি ব্যাংক লি. সর্বশেষ ত্রৈমাসিকে তাদের কার্যক্রম শুরু করেছে বিধায় এর পরিবর্তন লক্ষণীয় নয়। আমানতের গতিধারা নিম্নরূপঃ

চিত্রঃ ৯



ঋণ বিতরণ:


৪.১। এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে বিতরণকৃত ঋণের (খাতওয়ারী) পরিমাণ নিম্নে তুলে ধরা হলোঃ

ছকঃ ৬

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	ব্যাংক	ঋণের পরিমাণ					মোট (১)+(২) =(৩)+(৪)+(৫)
		শহর (১)	গ্রাম (২)	পুরুষ (৩)	নারী (৪)	অন্যান্য (৫)	
১।	ব্যাংক এশিয়া লি.	১,৭৩৫.৩২	১১,১৬৩.২৭	৩,৫২০.৭২	৮১৫.৩৩	৮,৫৬২.৬৬	১২,৮৯৮.৫৯
২।	আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি.	২৬৬.২৭	১৫০.৮৯	৪১০.১২	৭.০৪	০	৪১৭.১৬
৩।	মধুমতি ব্যাংক লি.	০	০৯.০০	৮.৫০	০.৫০	০	০৯.০০
৪।	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি.	২৯৭.০০	৩১.০০	৩১৪.০০	১৪.০০	০	৩২৮.০০
৫।	দি সিটি ব্যাংক লি.	৭১.৬৯	০	৭১.৬৯	০	০	৭১.৬৯
৬।	ডাচ-বাংলা ব্যাংক লি.	৮.৫০	০	৩.৫০	৫.০০	০	৮.৫০
	মোট	২,৩৭৮.৭৮	১১,৩৫৪.১৬	৪,৩২৮.৫৩	৮৪১.৮৭	৮,৫৬২.৬৬	১৩,৭৩২.৯৪

এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে ব্যাংকগুলো শুধু হিসাব খোলা/পরিচালনা করা ও রেমিট্যান্স বিতরণের মধ্যেই সীমাবদ্ধ নেই, ঋণ বিতরণের মাধ্যমে আয় উৎসারী কর্মকাণ্ডকে উৎসাহিত করে গ্রামীণ অর্থনীতির চাকা সচল রাখার ক্ষেত্রে সক্রিয় ভূমিকা পালন করছে। জুন ২০১৮ পর্যন্ত এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে ৬টি ব্যাংক তাদের ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করেছে। উক্ত ৬টি ব্যাংক কর্তৃক সর্বমোট ১৩,৭৩২.৯৪ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ প্রবাহের ধারা থেকে পরিলক্ষিত হয় যে, শহরের তুলনায় গ্রামে ঋণ প্রবাহের পরিমাণ বেশি। ব্যাংক অনুসারে এজেন্ট আউটলেট এর মাধ্যমে বিতরণকৃত ঋণের চিত্র নিচে দেয়া হলো :



চিত্র-১০ এ দেখা যায়, ব্যাংক এশিয়া লি. তাদের এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে ১২,৮৯৮.৫৯ লক্ষ টাকা ঋণ বিতরণ করে ঋণ বিতরণের শীর্ষে অবস্থান করছে। ঋণ বিতরণে দ্বিতীয় অবস্থানে রয়েছে আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. এবং তৃতীয় অবস্থানে রয়েছে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি.।

রেমিট্যান্স:

৫.১। জুন ২০১৮ পর্যন্ত রেমিট্যান্স বিতরণের সার-সংক্ষেপঃ

ব্যাংকগুলোর এজেন্ট আউটলেটের মাধ্যমে গ্রাহকদের রেমিট্যান্স সেবা প্রদানে এজেন্ট ব্যাংকিং বেশ কার্যকরী মাধ্যম হিসেবে কাজ করছে। বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠীকে রেমিট্যান্স সেবা প্রদানে এজেন্ট ব্যাংকিং অগ্রণী ভূমিকা পালন করছে। ব্যাংকের শাখার ন্যায় এজেন্ট ব্যাংকিং আউটলেটগুলো তুলনামূলক সহজ পদ্ধতিতে ও দ্রুততম সময়ে এ সেবা প্রদান করছে। জুন ২০১৮ পর্যন্ত ১৫ টি ব্যাংকের মাধ্যমে সর্বমোট ৩,৫১,৪২২.৯৩ লক্ষ টাকা রেমিট্যান্স প্রদান করা হয়েছে। তন্মধ্যে গ্রামাঞ্চলে বিতরণকৃত রেমিট্যান্সের পরিমাণ সর্বমোট ৩,১৪,৮৬৮.০৯ লক্ষ টাকা এবং শহরাঞ্চলে বিতরণকৃত রেমিট্যান্সের পরিমাণ সর্বমোট ৩৬,৫৫৪.৮৪ লক্ষ টাকা। জুন ২০১৮ পর্যন্ত এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে বিতরণকৃত রেমিট্যান্সের তথ্য নিচে তুলে ধরা হলোঃ


ছকঃ ৭

ক্রঃ নং	ব্যাংক	ইনওয়ার্ড রেমিট্যান্স (লক্ষ টাকায়)		
		শহর	গ্রাম	মোট
১।	ডাচ-বাংলা ব্যাংক লি.	২৪,৮৬২.০৭	১,১৮,৬৫০.৫৭	১,৪৩,৫১২.৬৩
২।	ব্যাংক এশিয়া লি.	৮,৮৭৭.০২	১,১৬,১১৯.১৬	১,২৪,৯৯৬.১৮
৩।	আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি.	২,১১১.৯৪	৫১,০৫৬.৯৬	৫৩,১৬৮.৯০
৪।	সোস্যাল ইসলামী ব্যাংক লি.	১.৪৫	১৬২.৭৫	১৬৪.২০
৫।	মধুমতি ব্যাংক লি.	০	৯৭.৮৩	৯৭.৮৩
৬।	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি.	৩৪২.০০	৪,২৭৪.০০	৪,৬১৬.০০
৭।	এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি.	০	৭.৩২	৭.৩২
৮।	স্ট্যান্ডার্ড ব্যাংক লি.	১.০২	৮২৪.২৪	৮২৫.২৬
৯।	অগ্রণী ব্যাংক লি.	১৬১.২	১২,৪৫০.৩৯	১২,৬১১.৬
১০।	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি.	০	৩৬৪.২৬	৩৬৪.২৬
১১।	মিডল্যান্ড ব্যাংক লি.	০	৪৫.১১	৪৫.১১
১২।	দি সিটি ব্যাংক লি.	১০০.০৪	৮৩৯.৯৯	৯৪০.০৩

ক্র: নং	ব্যাংক	ইনওয়ার্ড রেমিট্যান্স (লক্ষ টাকায়)		
		শহর	গ্রাম	মোট
১৩।	ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.	৯৭.৯০	৯,৯৩৩.৯১	১০,০৩১.৮১
১৪।	দি প্রিমিয়ার ব্যাংক লি.	০	০	০
১৫।	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি.	০.২	৩৩.০২	৩৩.২২
১৬।	এবি ব্যাংক লি.	০	০	০
১৭।	এনআরবি ব্যাংক লি.	০	৮.৫৮	৮.৫৮
	মোট	৩৬,৫৫৪.৮৪	৩,১৪,৮৬৮.০৯	৩,৫১,৪২২.৯৩


৫.২। রেমিট্যান্স বিতরণের চিত্র নিম্নরূপঃ

চিত্রঃ ১১



চিত্র-১১ হতে দেখা যায় যে, জুন ২০১৮ পর্যন্ত রেমিট্যান্স বিতরণে শীর্ষে অবস্থান করা ডাচ-বাংলা ব্যাংক লি. কর্তৃক ১,৪৩,৫১২.৬৩ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। দ্বিতীয় অবস্থানে থাকা ব্যাংক এশিয়া লি. কর্তৃক ১,২৪,৯৯৬.১৮ লক্ষ টাকা, এবং তৃতীয় অবস্থানে থাকা আল-আরাফাহ ইসলামী ব্যাংক লি. কর্তৃক ৫৩,১৬৮.৯০ লক্ষ টাকা রেমিট্যান্স বিতরণ করা হয়েছে।

উল্লেখ্য, ২০১৮ সালের ৩১ মার্চ পর্যন্ত এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে বিতরণকৃত রেমিট্যান্সের পরিমাণ ছিল ২,৬৭,৩৯৯.১৯ লক্ষ টাকা। ২০১৮ সালের জুন মাসে তার পরিমাণ দাঁড়িয়েছে ৩,৫১,৪২২.৯৩ লক্ষ টাকা। এ থেকে প্রতীয়মান হয় যে, এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে রেমিট্যান্স বিতরণ ক্রমশ: বৃদ্ধি পাচ্ছে। তাছাড়া, গ্রামাঞ্চলে রেমিট্যান্স বিতরণের পরিমাণ শহর থেকে অনেক বেশি হওয়ায় সুবিধা বঞ্চিত গ্রামীণ জনগোষ্ঠী এজেন্ট ব্যাংকিং সেবা গ্রহণে অধিক আগ্রহী হচ্ছে মর্মে প্রতীয়মান হয়, যা এজেন্ট ব্যাংকিং এর মূল উদ্দেশ্যের সাথে সঙ্গতিপূর্ণ। মার্চ ২০১৮ ও জুন ২০১৮ মাসের ইনওয়ার্ড রেমিট্যান্স এর তুলনামূলক চিত্র নিম্নরূপঃ



উপসংহারঃ

এজেন্ট ব্যাংকিং এর পূর্ববর্তী ত্রৈমাসিক প্রতিবেদনসমূহের তুলনামূলক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, আর্থিক অন্তর্ভুক্তির অন্যতম বাতায়ন হিসেবে এজেন্ট ব্যাংকিং একটি ফলপ্রসূ উদ্যোগ হিসেবে ক্রমবিকাশমান। গ্রামাঞ্চলে বসবাসকারী ও প্রান্তিক জনগোষ্ঠীর প্রাতিষ্ঠানিক আর্থিক সেবা পাওয়ার ক্ষেত্রে এজেন্ট ব্যাংকিং ইতোমধ্যেই ইতিবাচক ধারা তৈরি করতে সমর্থ হয়েছে। এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে ব্যাংকিং সেবা সহজলভ্য হওয়ার ফলে গ্রামীণ আর্থ-সামাজিকতায় বড় ধরনের ইতিবাচক পরিবর্তন আসছে। ফলে অর্থ প্রবাহের বহুমুখীকরণে গ্রামীণ জনগোষ্ঠীর সম্পৃক্ততা বেড়ে চলেছে, যা সামষ্টিক অর্থনীতিতে ইতিবাচক প্রভাব বয়ে আনবে। আগামী দিনে অর্থনৈতিক প্রবৃদ্ধির অন্যতম সহায়ক শক্তি হিসেবে এজেন্ট ব্যাংকিং জোরালো ভূমিকা রাখবে মর্মে আশাবাদ ব্যক্ত করা যায়।
